গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা

# ১২ তম PIC সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | গৌতম কুমার<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ও সভাপতি নীতিমালা কার্যক্রম বাস্তবায়ন কমিটি |
| সভার তারিখ | ৩০/০৯/২০২১ খ্রি. |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, শ্রম অধিদপ্তর (লিফটের ১৯) |
| উপস্থিতি | তালিকা পরিশিষ্ট 'ক'তে- সংযুক্ত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি "রপ্তানিমুখী তৈরি পোশাক, চামড়াজাত পণ্য ও পাদুকা শিল্পের কর্মহীন হয়ে পড়া ও দুঃস্থ শ্রমিকদের সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২০" এর সফল বাস্তবায়নে বৈধ উপকারভোগীর সংখ্যা বৃদ্ধিকরণে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার আশাবাদ ব্যক্ত করে বক্তব্য রাখেন। তিনি এসময় শ্রম অধিদপ্তরের আওতাধীন ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্রে লিফলেট বিতরণ এবং ২৭/০৯/২০২১ খি. তারিখে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন সভায় ট্রেড ইউনিয়ন প্রতিনিধিদের মাঝে লিফলেট বিতরণ করে প্রচার প্রচারণা চালানোর সুফল হিসেবে বৈধ উপকারভোগীর সংখ্যা বাড়বে বলে আশাবাদ ব্যাক্ত করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ ১২তম PIC সভার প্রণীত কার্যপত্র সভায় উপস্থাপন করেন। প্রথমেই সভায় বিগত ১১তম PIC সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয় এবং সামাজিক সুরক্ষা কার্যক্রমের পলিসি গাইডলাইন রিভিউ বিষয়ে বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নকারী কমিটির সদস্যগণের অবগতির নিমিত্ত কমিটির সদস্য সচিব কর্তৃক পাওয়ার পয়েন্টে উপস্থাপন করা হয়। বর্ণিত পলিসি গাইডলাইন রিভিউ এর সিদ্ধান্তসমূহে সকলেই একমত পোষণ করেন এবং বর্ণিত সিদ্ধান্তসমূহ পরবর্তী সিদ্ধান্তের জন্য পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটিতে প্রেরণের সুপারিশ করেন। অতঃপর সভায় নগদ সহায়তা প্রদানযোগ্য BKMEA এর আওতাভুক্ত নতুন ৬৪৩ জন উপকারভোগীদের তালিকা অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অদ্য সভার আলোচ্যসূচীমতে নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। | পলিসি গাইডলাইন রিভিউ বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটিতে প্রেরণ | নগদ সহায়তা প্রদানযোগ্য নতুন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম নীতিমালা রিভিউ এর নিমিত্ত গঠিত নীতিমালা রিভিউ কমিটির মতামতের ভিত্তিতে ১১তম PIC সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সদস্যগণের অবগতির জন্য পাওয়ার পয়েন্টে উপস্থাপন করা হলে উপস্থিত সকলেই তাতে একমত পোষণ করেন এবং পরবর্তী সিদ্ধান্তের জন্য পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটিতে প্রেরণের সুপারিশ করেন। | পলিসি গাইডলাইন রিভিউ বিষয়ে PIC'র সুপারিশ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটিতে প্রেরণ করা হবে। |

| | | | |
|---|---|---|---|
| ২। | নগদ সহায়তার জন্য উপকারভোগীর তথ্য ভেরিফিকেশন ও অনুমোদন | সভার এ পর্যায়ে কমিটির সদস্য সচিব বিকেএমইএ কর্তৃক নতুন উপকারভোগীদের ভেরিফাইড তথ্য MIS এ লগ ইন করে পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন। এতে দেখা যায়, বিকেএমইএ'র আওতাধীন ১টি কারখানায় মোট ৬৪৩ জন কর্মহীন শ্রমিকের আপলোডকৃত তথ্য BKMEA কর্তৃক ভেরিফিকেশন হয়ে PIC সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে।<br>বর্নিত ৬৪৩ জন উপকারভোগীর তথ্য PIC সদস্যগণ যাচাইপূর্বক অনুমোদন করে সভাপতির চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ করেন। | সভায় ৬৪৩ জন বৈধ কর্মহীন শ্রমিককে বর্ণিত সামাজিক সুরক্ষা কার্যক্রমের আওতায় নগদ সহায়তা প্রদান করার জন্য অনুমোদন করা হলো। |
| ৩ | অনুমোদিত ৬৪৩ জন উপকারভোগীর নগদ সহায়তার জন্য বিবেচ্য মাস | সভায় অনুমোদিত ৬৪৩ জন উপকারভোগীকে কোন মাসের সহায়তা প্রদান করা হবে এমন প্রসঙ্গ উত্থাপিত হলে কমিটির সদস্য সচিব বিকেএমইএ প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন। বিকেএমইএ প্রতিনিধি বলেন, বর্ণিত শ্রমিকগণ ফেব্রুয়ারি, ২০২১ থেকে কর্মহীন রয়েছে। তিনি এসময় মার্চ, এপ্রিল ও মে, ২০২১ এর আওতায় নগদ সহায়তা প্রদান করা যেতে পারে বলে মতামত ব্যক্ত করেন। সভায় উপস্থিত মাননীয় সংসদ সদস্য বেগম শামসুন নাহার, ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিসহ উপস্থিত সকলেই তাঁর প্রস্তাবে একমত পোষণ করেন। | ৬৪৩ জন উপকারভোগীকে মার্চ, এপ্রিল ও মে, ২০২১ পর্যন্ত এই ৩ মাসের নগদ সহায়তা প্রদান করা হবে। |

সভাপতি **সামাজিক সুরক্ষা কার্যক্রম**টিকে আরও সুদূরপ্রসারী করার আশাবাদ ব্যক্ত করেন এবং আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলের অংশগ্রহণ ও মতামত প্রদানের জন্য বিশেষ ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

গৌতম কুমার
মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ও সভাপতি
নীতিমালা কার্যক্রম বাস্তবায়ন কমিটি

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৭.১৬.০০২.২০.১৯৩

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৮
১১ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) বেগম শামসুন নাহার, মাননীয় সংসদ সদস্য, (নির্বাচনী এলাকা ৩১৩, মহিলা আসন ১৩)

২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর

৩) অতিরিক্ত মহাপরিদর্শক, অতিরিক্ত মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর


৪) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর

৭) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা

৮) জনাব মোঃ শফিকুল ইসলাম, অডিও ভিজ্যুয়াল অফিসার, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৯) ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১০) সভাপতি, বিজিএমইএ,
১১) সভাপতি, বিকেএমইএ,
১২) সভাপতি, এলএফএমইএবি,
১৩) চেয়াম্যান, বিএফএলএলএফইএ,
১৪) জনাব এ.কে.এম মামুনুর রশিদ, যুগ্ম সচিব, (এসডিপি) (বিজিএমইএ),
১৫) জনাব ফজলে শামীম এহসান, সাবেক সহ সভাপতি (বিকেএমইএ),
১৬) জনাব কাজী রওশন আরা, নির্বাহী পরিচালক (এলএফএমইএবি),
১৭) জনাব মোঃ জয়নাল আবেদীন, সচিব (বিএফএলএলএফইএ),
১৮) Mr. Koen Everaert, Second Secretary/Team Leader, Food and Nutrition Security and Sustainable Development of the European Union to Bangladesh,
১৯) Ms. Kishower Amin, Program Manager, European Union,
২০) Ms. Ishrat Shabnam, Proramme Manager, Private sector,
২১) Ms. Rosalynn Khan, Project Coordinator, KFW,
২২) Ms. Shaila Rahman, Consultant (Social Security Reforms in Bangladesh),
২৩) সহকারী পরিচালক, সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর
২৪) সহকারী পরিচালক , তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল , শ্রম অধিদপ্তর (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
২৫) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম অধিদপ্তর
২৬) জনাব সিরাজুল ইসলাম রনি, সভাপতি, বাংলাদেশ জাতীয় গার্মেন্টস শ্রমিক কর্মচারী লীগ
২৭) জনাব আবুল কালাম আজাদ, সভাপতি, ট্যানারি শ্রমিক ইউনিয়ন
২৮) অফিস কপি।



আবু আশরীফ মাহমুদ
পরিচালক